

# নতুন শিক্ষানীতি করা হচ্ছে

নিজস্ব প্রতিবেদক >

শিক্ষামন্ত্রী নূরুল ইসলাম নাহিদ বলেছেন, 'আমাদের শিক্ষাব্যবস্থা মেধাবী। আমরা তাদের বিশ্বমানের শিক্ষায় শিক্ষিত করতে চাই।' তিনি আজকের শিতকে সুশিক্ষায় শিক্ষিত করে দেশ পরিচালনার করিগর হিসেবে গড়ে তোলার আহ্বান জানান। এ জন্য বিশ্বমানের শিক্ষা ব্যবস্থার সঙ্গে তাল মিলিয়ে নতুন শিক্ষানীতি প্রণয়ন করা হবে বলে জানান মন্ত্রী।

শিশু একাডেমির  
অনুষ্ঠানে  
শিক্ষামন্ত্রী

গতকাল শুক্রবার বাংলাদেশ শিশু একাডেমি মিলনায়তনে এক বিতর্ক প্রতিযোগিতা অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন তিনি। শিশু অধিকার স্তম্ভ ও কন্যাশিশু দিবস উপলক্ষে সুশাসন নয়, সামাজিক অবক্ষয়ই শিশু নির্যাতনের প্রধান কারণ শীর্ষক সচেতনতামূলক বিতর্ক প্রতিযোগিতার আয়োজন করে 'ডিবেট ফর ডেমোক্রেসি' প্রতিযোগিতায় সরকারি দল হিসেবে মুন্সীগঞ্জের বঙ্গমোশিনী জে কে উচ্চ

বিদ্যালয় ও বিরোধী দল হিসেবে আদমজী ক্যান্টনমেন্ট কলেজ এতে অংশ নেয়। শিক্ষামন্ত্রী বলেন, শিশু নির্যাতনসহ বর্তমানে সমাজে যে সামাজিক অবক্ষয় বিদ্যমান, সেটি শুধু আইন দিয়ে রোধ করা সম্ভব নয়। নৈতিকতার উন্নয়নের সঙ্গে সুশাসনের প্রয়োগ ঘটাতে হবে। এ জন্য গণতন্ত্রকে আরো শক্তিশালী করতে হবে। শিশু নির্যাতন, ইউ ডিজিটেল নানা অবক্ষয় রোধে তিনি সামাজিক সচেতনতা, প্রতিরোধ ও আন্দোলন গড়ে তোলার আহ্বান জানান।

সভাপতির বক্তব্যে ডিবেট ফর ডেমোক্রেসির চেয়ারম্যান হাসান আহমেদ চৌধুরী কিরণ বলেন, 'মায়ের পেটে গুলিবিদ্ধ হয়েও শিশু জন্ম নিচ্ছে। আসলে আমরা সামাজিক মূল্যবোধ হারিয়ে ফেলেছি। সমাজ শিশুদের সুরক্ষা ও নিরাপত্তা দিতে পারছে না। এ ব্যাপারে রাষ্ট্রকে আরো দায়িত্বশীল ভূমিকা পালন করতে হবে।'

অনুষ্ঠানে আরো বক্তব্য দেন জেডার বিশেষজ্ঞ শিফা হাফিজা, সেন্ট যোসেফ উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের অধ্যক্ষ ব্রাদার রবি পিউরিফিকেশন, কন্যাশিশু অ্যাডভোকেসি ফোরামের সাধারণ সম্পাদক নাসিমা আক্তার জলি, বাংলাদেশ শিশু একাডেমির পরিচালক মোশাররফ হোসেন প্রমুখ।